

দিনাজপুর সরকারি কলেজে মানববন্ধন ও স্মারকলিপি

দিনাজপুর প্রতিনিধি

০২ সেপ্টেম্বর ২০২৫, ১২:০০ এএম



নতুন ধারার দৈনিক

আমাদের মত্ত



জাতীয় বিশ্ববিদ্যালয়ের অনার্স দ্বিতীয় বর্ষের ফরম পূরণের ফি অযৌক্তিকভাবে বৃদ্ধির প্রতিবাদে দিনাজপুর সরকারি কলেজের শিক্ষার্থীরা মানববন্ধন ও স্মারকলিপি প্রদান কর্মসূচি পালন করেছেন।

গতকাল সোমবার বেলা ১১টায় কলেজ প্রাঙ্গণে মানববন্ধনে অংশগ্রহণ করেন অনার্স দ্বিতীয় বর্ষের শতাধিক শিক্ষার্থী। পরে কলেজ অধ্যক্ষের মাধ্যমে জাতীয় বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের বরাবর একটি স্মারকলিপি প্রদান করা হয়।

শিক্ষার্থীরা দাবি করেন, অতিরিক্ত ফি শিক্ষার্থীদের জন্য চরম আর্থিক চাপ সৃষ্টি করছে, যা শিক্ষা গ্রহণের পথে অস্তরায়। স্মারকলিপিতে শিক্ষার্থীরা সাতটি প্রধান প্রস্তাবনা উত্থাপন করেন। তাদের মতে এসব দাবির বাস্তবায়নের মাধ্যমে শিক্ষার্থীরা আর্থিক চাপে না পড়ে নির্বিঘেচে শিক্ষা কার্যক্রম চালিয়ে যেতে পারবে। স্মারকলিপিতে আরও উল্লেখ করা হয়, আপনার (উপাচার্যের) প্রজ্ঞা ও সহানুভূতির মাধ্যমে এই সমস্যার যথাযথ সমাধান সন্তুষ্টি।

মানববন্ধনে উপস্থিত ছিলেন মিম ইসলাম (আহ্বায়ক), শাহরিয়ার সজল, হৃদয় আহমেদ, তুষার আহমেদ, অয়ন আহমেদসহ অনাস দ্বিতীয় বর্ষের অন্য শিক্ষার্থীরা।